

‘২০০৯-২০২০ সাল পর্যন্ত ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর সাফল্য ও অগ্রগতি’

ভৌত অবকাঠামোগত উন্নয়ন:

ক) সিজিডিএফ অফিস:

- মুজিব শতবর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে।
- ডিজিটাল ট্রেনিং রুম স্থাপন করা হয়েছে।
- অফিস আধুনিকায়ন ও কর্ম পরিবেশ উন্নত করা হয়েছে।
- ২ টি কনফারেন্স রুম আধুনিকায়ন ও সৌন্দর্যমন্ডিত করা হয়েছে।
- ২ টি শাখায় ওয়ার্ক স্টেশন করা হয়েছে।
- Covid-19 মোকাবিলায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণসহ কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সুরক্ষা সামগ্রী নিয়মিত সরবরাহ করা হচ্ছে।

খ) সিজিডিএফ কার্যালয়ের অধীন অফিসসমূহ বিভিন্ন সেনানিবাসে অবস্থিত হওয়ায় এ অফিসসমূহের অবকাঠামোগত উন্নয়ন MES কর্তৃক সম্পন্ন হয়। এছাড়া অধীন অফিসসমূহ কর্মচারী বান্ধব করার লক্ষ্যে চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় আসবাবপত্র, কম্পিউটার ও অন্যান্য সামগ্রী সিজিডিএফ কর্তৃক নিয়মিত সরবরাহ করা হচ্ছে।


আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন:

- সিজিডিএফ কার্যালয় ও এর অধীন অফিসসমূহকে ইন্টারনেট সুবিধার আওতায় আনা হয়েছে। নিয়মিত ডেভেলপমেন্ট এর মাধ্যমে ওয়েবসাইট তথ্য সমৃদ্ধ করা হয় এবং এর মাধ্যমে সিজিডিএফ কার্যালয় ও এর অধীন অফিসসমূহ, সিএজি অফিস, প্রতিরক্ষা ও অন্যান্য মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনীর অফিসসমূহের সাথে অনলাইনে যোগাযোগ রক্ষা করা সম্ভব হচ্ছে।
- সিজিডিএফ অফিসে ইতোমধ্যে ই-নথি চালু করা হয়েছে এবং অধীন অফিসসমূহে ই-নথি বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।
- ডিজিটাল পদ্ধতিতে হাজিরা ব্যবস্থা চালু করা হয়েছে।
- সশস্ত্র বাহিনীর পেনশনারগণের পেনশন সংক্রান্ত যে কোন জিজ্ঞাসা, বিলম্ব, জটিলতা ইত্যাদি অবহিত করার জন্য কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের আওতাধীন সশস্ত্র বাহিনীর সামরিক/বেসামরিক সদস্যদের পেনশন প্রদানকারী সকল কার্যালয়ে একটি করে পেনশন হটলাইন চালু করা হয়েছে এবং একজন ডেজিগনেটেড কর্মকর্তা মনোনীত করা হয়েছে।
- সিজিডিএফ কার্যালয় ও এর অধীন অফিসসমূহে ওয়েবমেইল ব্যবস্থা চালুকরণের মাধ্যমে যাবতীয় চিঠিপত্র আদান প্রদান ও অন্যান্য অফিসিয়াল কার্যক্রম দ্রুততার সঙ্গে সম্পন্ন করা হচ্ছে।
- Human Resources Management Software এর মাধ্যমে সিজিডিএফ কার্যালয়ে কর্মরত কর্মচারীদের ব্যক্তিগত তথ্য অনলাইনে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এর মাধ্যমে কর্মচারীদের বদলি ও পদোন্নতির তথ্যও অনলাইন হতে পাওয়া যাবে।

iBAS++ এর মাধ্যমে বিল পরিশোধ ও হিসাব প্রণয়নে অগ্রগতিঃ

(গ) ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর অধীন অফিসসমূহে বিভিন্ন বিল পরিশোধ ও হিসাব প্রণয়নে iBAS++ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এ ক্ষেত্রে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) উল্লেখযোগ্য সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে।

- সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার ও আন্তঃবাহিনীর বেসামরিক কর্মকর্তা সকলের (১০০%) বেতন-ভাতা iBAS++ এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
- সশস্ত্র বাহিনীর জেসিও/ওআর ১,৬২,৬২২ জনের সকলের (১০০%) ও আন্তঃবাহিনী বেসামরিক কর্মচারী ২৫,৬১৮ জনের মধ্যে ৪৯৬৫ জনের (১৯%) বেতন-ভাতা iBAS++ এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
- সশস্ত্র বাহিনীর সামরিক ও বেসামরিক পেনশনার মোট ১,৬৭,৭০৩ জনের মধ্যে ১,৫৭,৯৮৭ জনের (৯৪%) পেনশন iBAS++ এর মাধ্যমে ইএফটিতে পরিশোধ করা হয়েছে।
- ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের সকল (১৩০৬ জন) কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ভাতা, জিপিএফ ও পেনশন iBAS++ এর আওতায় আনা হয়েছে।


(মোঃ নাজমুল হাসান)

সহকারী কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
(বাজেট এবং সিএমসি)
ফোনঃ ৪৯৩৫৮১২৫